দৈনিক
ইত্তেফাক

তারিখ ১২.৭ ...
১৫ ... কলাম ... ২ ...

# পাংশায় ঝড়েপড়া স্কুল মেরামত হয়নি

■ পাংশা (রাজবাড়ী) সংবাদদাতা

উপজেলার পাট্টা ইউপির বিলজোনা পাগলাশ্রম সরকারি প্রাথমিক বিদ্যালয় ঝড়ে ধসে পড়ায় পাশের পরিত্যক্ত কক্ষে বৃষ্টিতে ভিজে শিক্ষার্থীদের ক্লাস করতে হচ্ছে।

মঙ্গলবার বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, ঝড়ে বিদ্যালয়ের অফিস কক্ষের ছাদ ধসে পড়েছে। ঝড়ের সাথে বৃষ্টিতে অফিসের প্রয়োজনীয় কাগজপত্রসহ বিদ্যালয়ের মনিটরিং বোর্ড নষ্ট হয়ে গেছে।

শিক্ষার্থীরা একটি ছাদবিহীন বদ্ধ জায়গায় পাঠ গ্রহণ করছে। প্রধান শিক্ষক মো. মোবাইদুল ইসলাম জানান, বর্ষাকালের শুরুতেই শ্রেণিকক্ষের ছাদের বিভিন্ন স্থান থেকে পানি পড়ায় শ্রেণিকক্ষগুলো অনেক আগেই পাঠদানের অনুপযোগী ছিল। দুই বছর আগেই স্কুল ভবনটি পরিত্যক্ত ঘোষণা করে কর্তৃপক্ষ। বিকল্প ব্যবস্থা না থাকায় ছাত্রছাত্রীদের ভবিষ্যতের কথা ভেবে জীবনের ঝুঁকি নিয়েই আমরা শিক্ষক-শিক্ষার্থীরা পরিত্যক্ত ভবনেই শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছি।

উপজেলা শিক্ষা অফিসার মো. বছির উদ্দিন বলেন, বিদ্যালয়টি আমরা পরিদর্শন করেছি। এ ব্যাপারে কর্তৃপক্ষের কাছে লিখিতভাবে জানানো হয়েছে।